

মিলনের সংজ্ঞা

এফ. আহমেদ

বাড়ী ফিরব বলে উঠছিলাম,
হঠাৎ শুনি -
পাখিদের কলরব।
উপর দিকে তাকাতে দেখলাম,
গাছের পাতা গুলো -
বাতাসে দুলছে।
জলে তাকিয়ে দেখলাম,
সূর্যের বদলে -
জোস্নার খেলা চলছে।
পাশে তাকালাম,
চায়ের দোকানের লোকগুলো
আড়ডায় ফিরেছে,
রাস্তায় নামলাম
সোডিয়ামের আলোতে দেখি -
তোমার সাথে কোলাহল ফিরছে।
তোমাকে পেলাম
মনে হল
এ সুখকেই বোধহয় বলে মিলন ।।